গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.dinajpur.gov.bd

**নম্বর:** ০৫.৫৫.২৭০০.০০০.০০৮.০৬.০০০৪.২৬.৪৭

তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: 'নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা-২০২৫' অনুযায়ী নির্বাচনি সংবাদ সংগ্রহ ইচ্ছুক জেলা পর্যায়ের সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার সংগ্রহের জন্য আবেদন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে দিনাজপুর জেলার ৬ (ছয়) টি সংসদীয় আসনে (০৬ দিনাজপুর-১, ০৭ দিনাজপুর-২, ০৮ দিনাজপুর-৩, ০৯ দিনাজপুর-৪, ১০ দিনাজপুর-৫, ১১ দিনাজপুর-৬) নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ২৯ জানুয়ারি, ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৫১ নং স্মারকে জারীকৃত পত্র এবং 'নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা-২০২৫' অনুযায়ী নির্বাচনি সংবাদ সংগ্রহে ইচ্ছুক জেলা পর্যায়ের সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার সংগ্রহের জন্য জেলা প্রশাসক, দিনাজপুর ও রিটার্নিং অফিসার, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন বরাবর ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ বৃহস্পতিবার, বিকাল-০৫:০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত নিয়মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**আবেদনের নিয়মাবলি:** সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি স্বাক্ষরিত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে রিটার্নিং অফিসার বরাবর প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে কতজন সাংবাদিককে অ্যাসাইনমেন্ট দেয়া হবে তার তথ্য উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত ডকুমেন্ট/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে-

- স্ব-স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্রের কপি সংযুক্ত করতে হবে;
- সাংবাদিক পরিচয়পত্র/পিআইডি এ্যাক্রিডিটেশন কার্ডের কপি;
- জাতীয় পরিচয়পত্রের কপি;
- গণমাধ্যম প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত সাংবাদিকদের তালিকা;
- ০১ কপি রঙ্গিন পাসপোর্ট সাইজ ও ০১ কপি স্ট্যাম্প সাইজের সদ্য তোলা ছবি;
- স্থানীয় পত্রিকা, স্থানীয় অনলাইন নিউজ ও আইপিটিভির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধনের প্রমাণপত্র;
- স্থানীয় দৈনিক পত্রিকার ক্ষেত্রে ০১ (এক) সপ্তাহের পত্রিকা এবং স্থানীয় সাপ্তাহিক পত্রিকার ক্ষেত্রে সমসাময়িক সময়ে প্রকাশিত ০৩টি কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(যেসকল ফ্রি-ল্যান্স সাংবাদিকের তথ্য অধিদপ্তরের পাসধারী পিআইডি এ্যাক্রিডিটেশন কার্ড রয়েছে শুধু তারা আবেদন করতে পারবেন)

**গাড়ির স্টিকারের জন্য আবেদনের নিয়মাবলি:**

- সর্বশেষ হালনাগাদকৃত গাড়ির রেজিস্ট্রেশন কার্ড ও সংশ্লিষ্ট কাগজপত্র (ফিটনেস সনদ);
- হালনাগাদকৃত ড্রাইভিং লাইসেন্স;
- ড্রাইভার ও সাংবাদিকদের জন্য প্রত্যেকের ০২ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি;
- গাড়ি চালক এর জাতীয় পরিচয়পত্রের কপি।

**সাপোর্ট স্টাফ:**

সাংবাদিকদের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য যে সকল সাপোর্ট স্টাফ (মিডিয়া/ক্যামেরা পারসন/অন্যান্য) নিয়োজিত থাকবেন তাদেরকে সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্র প্রদান করা হবে। সাপোর্ট স্টাফ প্রয়োজন হলে চাহিত সকল তথ্যসহ আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন অনুমোদন করা হবে না।

০২-০২-২০২৬
মোঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক, দিনাজপুর ও রিটার্নিং অফিসার
(ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬)
ফোন : ০২৫৮৯৯২৫০০১ (অফিস)
ইমেইল : dcdinajpur@mopa.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন।
২। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
৩। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, দিনাজপুর।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৯। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১০। জেলা তথ্য অফিসার, দিনাজপুর। (তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), দিনাজপুর।
১২। উপজেলা নির্বাচন অফিসার (সকল), দিনাজপুর।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, ......................................, দিনাজপুর।
১৪। জনাব ........................................................................, .................................................................
................., দিনাজপুর এবং
১৫। অফিস কপি, .।